



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
রাজশাখা  
www.coxsbazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১২৮.১৫.০৩৬.২৬- ২৬০৭

তারিখ: ২২/০৪/১৪৩৩ বঙ্গাব্দ  
০৬/০৮/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ব্যক্তি মালিকানাধীন জমি ক্রয়-বিক্রয়ের অনাপত্তি।

উপর্যুক্ত বিষয়ে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তফসিলে উল্লিখিত ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

আবেদনকারীর নাম ও ঠিকানাঃ

| বিক্রেতার নাম ও ঠিকানা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                      | ক্রেতার নাম ও ঠিকানা                                                                                                                |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১। আলহাজ্ব ফাতেমা জুহরা, ২। এন্তেফাজুর রহমান, ৩। লুৎফর মেছা, ৪। ইছমত আরা বেগম, ৫। হায়াতু মেছা, ৬। আশাহাদু মেছা, ৭। সাফিদুল ইসলাম, ৮। রোমেনা আকতার খানম কর্তৃক বিগত ০৯/০৩/২০১০ ইং রেজিঃ যুক্ত-১২১০ নং আম-মোক্তার নামা দলিল নিযুক্তি আম-মোক্তার "Technobuild Developers & Consultant Limited" তৎপক্ষে ইহার ব্যবস্থাপনা পরিচালক-মোঃ মনিরুল ইসলাম, পিতা- ফজলুল হক, মাতা- মোসাঃ আফিয়া খাতুন, সাং- ৫৬, রাস্তা- ৫, ডাটারা দক্ষিণ, ডাকঘর- গুলশান ১২১২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। | গিয়াস উদ্দিন, পিতা- রফিক উদ্দিন, মাতা- নুর নাহার বেগম, সাং- রহমান ম্যানশন বেপারী পাড়া, উত্তর চান্দগাঁও, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

শর্তসমূহঃ

- এ অনাপত্তিপত্র নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে বিক্রেতার কোন মালিকানা, দখলীয় স্বত্ব বা জমির প্রাপ্যতা নির্ধারণ করে না বা মালিকানা স্বত্ব/দখলীয় স্বত্বের সমর্থনে কোন সাক্ষ্য বা প্রমাণ বহন করে না।
- কোন উপযুক্ত আদালত বা কোন আইনানুগ কর্তৃপক্ষের কোন আদেশ/নিষেধ/ক্রোকাদেশ থাকলে এই অনাপত্তিপত্র কার্যকর হবে না।
- ক্রেতাকে কক্সবাজার জেলার জন্য প্রণীত মাস্টার প্ল্যান এর বিধি নিষেধ/ল্যাত জোনিং ক্রয় নির্দেশনা মেনে চলতে হবে।
- ক্রেতা/বিক্রেতা কোন ক্ষেত্রেই জমির শ্রেণি বা প্রকৃতি পরিবর্তন করতে পারবে না।
- তফসিলে বর্ণিত সম্পত্তি শুধুমাত্র মাস্টার প্ল্যান এ নির্দেশিত উদ্দেশ্য ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ইমারত নির্মাণ আইন বা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- বর্ণিত তফসিলের জমিতে জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কার্যক্রম গ্রহণ করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত হারে সন সন ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এবং প্রতিবেশ সংকটাপন্ন এলাকা (ইসিএ) সংক্রান্ত সকল বিধি বিধান/সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।
- ভূমির শিল্প/বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে এবং কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জমি ক্রয়ের উদ্দেশ্যে অতিক্রম করলে জমি ক্রয়/নামজারির ক্ষেত্রে বিধি মোতাবেক পৃথকভাবে জেলা প্রশাসকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- এই অনাপত্তির মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত সময়ের মধ্যে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ অনাপত্তি বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় অনাপত্তি নিতে হবে।
- সমুদ্র সীমানার মধ্যে কোন স্থাপনা করা যাবে না।
- তফসিলে বর্ণিত জমি কোন ব্যাংক এর নিকট বন্ধক থাকলে এ অনাপত্তিপত্র কার্যকর হবে না।

তফসিলঃ

| উপজেলা        | মৌজা   | বিএস/সৃজিত/দিয়ারা খতিয়ান | দাগ নম্বর   | জমির শ্রেণী | জমির পরিমাণ |
|---------------|--------|----------------------------|-------------|-------------|-------------|
| কক্সবাজার সদর | ঝিলংজা | ৩৩৬৯                       | ২০১৪৬/২৭৮০১ | নাল         | ০.০০৩০      |

সাব-রেজিস্ট্রার  
কক্সবাজার সদর, কক্সবাজার।

তারিখঃ ০৬/০৮/২০২৬  
রেজিনিউ ডেপুটি কালেক্টর  
কক্সবাজার  
ফোন : ০২৩৩৪৪৬২২২৫